কালের কণ্ঠ

তারিখ: 08 JAN 2015
পৃষ্ঠা - ২ কলাম - ৪

ঢাকা বিশ্ববিদ্যালয়

# 'খ' ইউনিটের শূন্য আসনে সাক্ষাৎকার ১৮ জানুয়ারি

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▶

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৪-১৫ শিক্ষাবর্ষের সম্মান শ্রেণিতে ভর্তিতে কলা অনুষদের অধীন 'খ' ইউনিটে উত্তীর্ণ মেধাক্রমের প্রার্থীদের বিভাগ বণ্টনের সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে আগামী ১৮ জানুয়ারি। উত্তীর্ণদের মধ্যে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা, উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ, ফারসি ভাষা ও সাহিত্য, উর্দু, সংস্কৃত এবং পালি ও বুদ্ধিস্ট স্টাডিজ ছয়টি বিভাগের শূন্য আসন পূরণ করা হবে। ভর্তি নির্দেশনা অনুযায়ী যোগ্য প্রার্থীদের আগামী ১৫ জানুয়ারির মধ্যে কলা অনুষদের ডিন বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্র যাচাই-বাছাই শেষে প্রার্থীদের আগামী ১৮ জানুয়ারি সকাল ৯টায় কলা অনুষদের ডিন অফিসে সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে।

সাক্ষাৎকারের সময় ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র ও ফটোকপি, দুই কপি পাসপোর্ট আকারের সত্যায়িত রঙিন ছবি আনতে হবে। প্রয়োজনীয় কাগজ ও ছবি আনতে ব্যর্থ হলে প্রার্থীকে জরিমানা দেওয়া সাপেক্ষে সাক্ষাৎকারে অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে।